

আবুল আশ্বিয়া ও সাইয়েদুল আশ্বিয়া

ইবরাহীম (আঃ) ছিলেন ইহুদী-খৃষ্টান-
মুসলমান সকল ধর্মীয় সম্প্রদায়ের পিতা।
কেননা আদম (আঃ) হ'তে ইবরাহীম (আঃ)
পর্যন্ত ১০/১২ জন নবী বাদে শেষনবী মুহাম্মাদ
(ছাঃ) পর্যন্ত ১ লাখ ২৪ হাজার পয়গম্বরের প্রায়
সকলেই ছিলেন ইবরাহীম (আঃ)-এর বংশধর।
পবিত্র কুরআনে বর্ণিত হয়েছে,

إِنَّ اللَّهَ اصْطَفَىٰ آدَمَ وَنُوحًا وَآلَ إِبْرَاهِيمَ وَآلَ عِمْرَانَ عَلَى
- (الْعَالَمِينَ) - (آل عمران

'নিশ্চয়ই আল্লাহ আদম, নূহ, আলে ইবরাহীম
ও আলে ইমরানকে বিশ্বাসীর উপরে নির্বাচিত
করেছেন' (আলে ইমরান ৩/৩৩)। এই
নির্বাচন ছিল বিশ্ব সমাজে আল্লাহর তাওহীদের
প্রচার ও প্রতিষ্ঠার জন্য এবং আল্লাহর দ্বীনকে
বিজয়ী করার জন্য। ইবরাহীম ছিলেন

নবীগণের পিতা এবং পুত্র মুহাম্মাদ ছিলেন
নবীগণের নেতা, এ বিষয়টি সর্বদা মুমিনের
মানসপটে জাগরুক রাখার জন্য দৈনিক
ছালাতের শেষ বৈঠকে পঠিত দরুদের মধ্যে
ইবরাহীম ও মুহাম্মাদের উপরে এবং উভয়ের
পরিবার বর্গের উপরে আল্লাহর অনুগ্রহ
বর্ষণের জন্য দো'আ করার বিধান রাখা
হয়েছে। ইবরাহীমের বংশে বরকত হ'ল
নবুঅত ও ঐশী কিতাবের বরকত এবং
মুহাম্মাদের ও তাঁর বংশে বরকত হ'ল
বিজ্ঞানময় কুরআন ও হাদীছ এবং তার
ভিত্তিতে প্রতিষ্ঠিত সমাজ ব্যবস্থার বরকত।
ইবরাহীম ও তাঁর বংশধর সম্পর্কে আল্লাহ
বলেন,

وَوَهَبْنَا لَهُ إِسْحَاقَ وَيَعْقُوبَ وَجَعَلْنَا فِي ذُرِّيَّتِهِ النُّبُوَّةَ وَالْكِتَابَ
وَأَتَيْنَاهُ أَجْرَهُ فِي الدُّنْيَا وَإِنَّهُ فِي الْآخِرَةِ لَمِنَ الصَّالِحِينَ-
(العنكبوت) ٢٩-

‘আমরা তাকে দান করলাম ইসহাক ও ইয়াকুবকে এবং তার বংশধরগণের মধ্যে প্রদান করলাম নবুঅত ও কিতাব। তাকে আমরা দুনিয়াতে পুরস্কৃত করলাম। নিশ্চয়ই পরকালে সে সৎ লোকদের অন্তর্ভুক্ত হবে’ (আনকাবূত ২৯/২৭)।

অতঃপর শেষনবী মুহাম্মাদ (ছাঃ) সম্পর্কে আল্লাহ বলেন,

لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُو اللَّهَ
- (২১- وَالْيَوْمِ الْآخِرِ وَذَكَرَ اللَّهُ كَثِيرًا) - (الأحزاب

‘যারা আল্লাহ ও শেষদিবসের (অর্থাৎ আখেরাতে মুক্তির) আশা রাখে এবং আল্লাহকে অধিক হারে স্মরণ করে, তাদের জন্য আল্লাহর রাসূলের (মুহাম্মাদের) মধ্যে উত্তম নমুনা রয়েছে’ (আহযাব ৩৩/২১)।
অতঃপর তাঁর পরিবার সম্পর্কে বলা হয়েছে,

إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُذْهِبَ عَنْكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ
- (تَطْهِيراً) - (الأحزاب)

'হে নবী পরিবারের সদস্যগণ! আল্লাহ কেবল চান তোমাদের থেকে অপবিত্রতা দূর করতে এবং তোমাদেরকে পূর্ণরূপে পূত-পবিত্র রাখতে' (আহযাব ৩৩/৩৩)। শেষ যামানায় ইমাম মাহদী আসবেন হযরত ফাতেমা (রাঃ)-এর বংশধরগণের মধ্য হ'তে এ বিষয়ে বহু ছহীহ হাদীছ বর্ণিত হয়েছে।[2] এইভাবে ইবরাহীম ও মুহাম্মাদের নাম পৃথিবীর শেষদিন পর্যন্ত দিকে দিকে শ্রদ্ধার সঙ্গে উচ্চারিত হ'তে থাকবে। ফালিল্লাহিল হাম্দ।

[2]. আবুদাউদ, তিরমিযী, মিশকাত হা/৫৪৫৩-৫৪; হাকেম ৪/৫৫৭-৫৮
পৃঃ প্রভৃতি।